# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ খালিদ আল হায্যা হাদীসের যে শব্দ উল্লেখ করেছেন, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ اللَّفْظَةِ الَّتِي ذَكَرَهَا خَالِدٌ الْحَذَّاءُ

আরবী

1800 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ قَحْطَبَةَ بِفَمِ الصُّلْحِ قَالَ: حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ اللَّهِ التَّرْقُفِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سَعِيدِ بْنِ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ رِضْوَانُ اللَّهِ عَلَيْهِمَا لَمْ يَكُونُوا يَجْهَرُونَ بِـ: {بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ} [الفاتحة: 1] وَكَانُوا يَجْهَرُونَ بِـ {الْحَمْدُ لله رب العالمين} [الفاتحة: 2]

الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1800 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (751)

বাংলা

১৮০০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আবূ বকর, উমার, উসমান রাদ্বিয়াল্লাহু আনহুম বিসমিল্লাহ জোরে পড়তেন না; তাঁরা الحمد لله رب العالمين (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগতসমূহের প্রভু) এই আয়াত জোরে পড়তেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১০১; নাসাঈ: ২/১৩৫; আবূ আওয়ানা: ১/১২২; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৮১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২০২; সহীহ ইবনু খুযাইমাহ: ৪৯৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৯৮; আবূ দাউদ: ৭৮২; দারেমী: ১/২৮৩; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৭৫; হুমাইদী: ১১৯৯; ইবনু মাজাহ: ৪৯১; বাগাবী,

শারহুস সুন্নাহ: ৫৮১; সুনান বাইহাকী: ২/৫০; মুয়াত্তা ইমাম মালিক: ১/৮১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ : ৭৫১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন